

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-১ অধিশাখা]
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০।
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০২০.০০৪.০২.০০.০০১.২০০৯-৯৮

তারিখঃ

৩ মাঘ ১৪২৪
১৬ জানুয়ারী ২০১৮

বিষয় : প্রশাসনিক ট্রাইব্যুনাল, ঢাকার আদালতে দায়েরকৃত এ.টি নং-৪২/২০১০ (নতুন) ও ০৬/২০০৯ (পুরাতন) মামলার এর
রায়ের বিরুদ্ধে দায়েরকৃত প্রশাসনিক আপীল মামলা নং-২৯৮/২০১৪ এর রায়ের বিরুদ্ধে আপীল দায়ের প্রসঙ্গে।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের উন্নয়ন-১ শাখার স্মারক নং-১৩, তারিখ : ৭.১.২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, এলজিইডির সাবেক নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ) বেগম নুরুন নাহারকে চাকুরি হতে বরখাস্ত করা হলে তিনি উক্ত আদেশকে চ্যালেঞ্জ করে প্রশাসনিক ট্রাইব্যুনাল-৩, ঢাকার আদালতে এ.টি মামলা নং-৪২/২০১০ দায়ের করেন। মামলাটি শুনানী শেষে গত ৩০.১১.২০১৪ তারিখে সরকার পক্ষে রায় ঘোষণা করা হয়। উক্ত রায়ের বিরুদ্ধে মামলার বাদী প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে আপীল নং-২৯৮/২০১৪ দায়ের করেন। গত ২৭.৯.২০১৭ তারিখে বাদীর আপীল মামলার রায় তার পক্ষে ঘোষণা করা হয়। উক্ত রায়ের বিরুদ্ধে আপীল করার জন্য এ বিভাগের উন্নয়ন-১ শাখা হতে বিবেচ্য পত্রে অনুরোধ করা হয়েছে।

২। এমতাবস্থায়, বর্ণিত আপীল মামলা নং-২৯৮/২০১৪ এর প্রদত্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে আপীল দায়েরসহ প্রতিদ্বন্দ্বিতার যাবতীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্ত : -----ফর্দ।

(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব

ফোন:+৮৮০২-৯৫৪০৯৯৫

e-mail: dslaw1.lgd.gov@gmail.com

১। বিজ্ঞ সলিসিটর
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।

২। মোঃ আশরাফুল আলম
প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অফিস কপি/মাস্টার কপি।